

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মাটিতে দাগ টেনে হাত চালিয়ে অদৃশ্যের কিছু বলা সম্ভভ কি? হাত চালিয়ে ঘরের মধ্যে সাপ কোথায় আছে, সাপে কামড়ালে বিষ হয়েছে কি না, চুরি হওয়া জিনিস কোথায় আছে বা কে নিয়েছে--- এ সব বলা কি বৈধ?

এ সব অদৃশ্যের খবর এবং ইলমে গায়বের দাবি। অনুমান অনেক সময় কাজে লাগলেও এমন দাবি বড় গোনহার কাজ। মুআবিয়াহ ইবনে হাকাম (রঃ) বলেন, একদা আমি নিবেদন করলাম, 'হে আল্লাহ্র রাসুল! আমি জাহেলী যুগের অত্যান্ত নিকটবর্তী (অর্থাৎ আমি অল্পদিন হল অন্ধযুগ থেকে নিঙ্কৃতি পেয়েছি) এবং বর্তমানে আল্লাহ আমাকে ইসলামে দীক্ষিত করেছেন। আমাদের কিছু লোক গণকদের নিকট (ভাগ্য-ভবিষ্যৎ জানতে) যায়।' তিনি বললেন, 'তুমি তাদের কাছে যেয়ো না।' আমি বললাম, 'আমাদের কিছু লোক অশুভ লক্ষণ মেনে চলে।' তিনি বললেন, 'এ এমন জিনিস, যা তাঁর নিজেদের অন্তরে অনুভব করে। সুতরাং এ (সব ধারনা) যেন তাদেরকে (বঞ্ছিত কর্মে) বাঁধা না দেয়।' আমি নিবেদন করলাম, 'আমাদের মধ্যে কিছু লোক দাগ টেনে শুভাশুভ নিরূপণ করে।' তিনি বললেন, 'প্রোচীন যুগে) এক পয়গম্বর দাগ টানতেন। সুতরাং যারা দাগ টানার পদ্ধতি উক্ত পয়গম্বরের পদ্ধতি অনুসারে হবে, তা সঠিক বলে বিবেচিত হবে (নচেৎ না)। ৫৬

আর বিদিত যে, কোন নবীর মতো কারোর খবর হতে পারে না। কারণ তাঁর নিকট অহী আসে, কোন সাধারণ মানুষের কাছে নয়। অতএব হাত চালানো এবং হাত চালিয়ে বলা খবর বিশ্বাস করা বৈধ নয়।

## ফুটনোট

৫৬ (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=52

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন